গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত ডিসেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৯/১২/২০২১ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | বিপিআই অডিটোরিয়াম। |
| উপস্থিতি | সংযুক্তি-ক (উপস্থিতি তালিকা)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নেই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। উপপরিচালক।<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রডাকশন ও প্রসেসিং)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ২। | ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। ডিসেম্বর, ২০২১ মাসে ৩ টি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে ৮১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৩। | বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয় ও আয়োজনের জন্য ৭৪তম বোর্ড সভায় অনুমোদন গ্রহণ করা হয় মর্মে সভায় অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে বুনিয়াদি প্রশিক্ষণ আয়জন করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |

| | | | |
|---|---|---|---|
| ৪। | গবেষণা ও লার্নিং সেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়। “A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages” শিরোনামে গবেষণার বিষয় নির্ধারণ করা হয়েছে এবং গবেষণা কার্যক্রম চলমান রয়েছে বলে মর্মে সভাকে জানানো হয়। | গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)। |
| ৫। | বিপিআই এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের আওতাধীন অর্গানোগ্রাম সংশোধনের লক্ষ্যে IIFC এর সাথে সরাসরি আলোচনা করা হয়েছে বলে সভাকে জানানো হয়। IIFC বিপিআই-এর Terms of Reference (ToR) গ্রহণ করেছে বিধায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিবের অনুমতি সাপেক্ষে IIFC কে কার্যাদেশ প্রদানের চেষ্টা চলমান বলে সভাকে অবহিত করা হয়। | অর্গানোগ্রাম সংশোধনের নিমিত্ত IIFC কে কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (সকল)।<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)। |
| ৬। | ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া প্রণয়ন করা হয়েছে। অনুমোদনের উদ্দেশ্যে খসড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। ভবিষ্য তহবিল কমিটি।<br>৪। সহকারী পরিচালক (সকল)। |
| ৭। | বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির নিমিত্ত প্রাঙ্গনের ড্রেন ও আঙ্গিনা পরিষ্কার রাখার বিষয়টি সভায় আলোচনা করা হয় এছাড়াও প্রাঙ্গণের সৌন্দর্যবর্ধনের নিমিত্ত বিপিআই ছাদে ফলদ ও ঔষধি বৃক্ষসহ অন্যান্য গাছে পরিপূর্ণ একটি মনোরম বাগান তৈরির নিমিত্ত গাছ ও টব সংগ্রহের বিষয়টিও সভায় আলোচনা করা হয়। | বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি জোরদার করতে হবে, আশেপাশের ড্রেন ও আঙ্গিনা পরিষ্কার কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং ছাদ বাগান ও প্রাঙ্গণের জন্য ঔষধি বৃক্ষসহ অন্যান্য ফলদ বৃক্ষ সংগ্রহ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (হিসাব শাখা)।<br>৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা) |
| ৮। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আলোচনা করা হয়। কোনো অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়। | কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.২

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৭) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৯) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৪) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক